রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৯, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৫—৫৫২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৮৭—১১১৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৯—২০০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১১৭—১১৩৮ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৭—৫৮ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৭ জুন ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৩.২০০৮-২৭১**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ৭ নং আইন) এর ৯(১)(গ) ধারা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব এ,এইচ,এম কায়-খসরু এর স্থলে জনাব মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী, নির্বাহী পরিচালক বাংলাদেশ ব্যাংক-কে কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৩.২০০৮-২৭২**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ৭ নং আইন) এর ৯(১)(খ) ধারা অনুযায়ী সাপ্তাহিক চট্টলা পত্রিকার প্রধান সম্পাদক জনাব আবু সুফিয়ান-কে কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ খালেকুজ্জামান**

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ৩ জুন ২০১৩

**নং আর-৬/৭এন-২৪/২০১৩-৩৩০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মাহমুদ হাসান জুয়েল, পিতা জনাব মোঃ মহিউদ্দিন মোল্লাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২৮/২০১৩-৩৩১**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মিজানুর রহমান, পিতা মরহুম জনাব মোঃ আরজান মন্ডলকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩৭/২০১৩-৩৩২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ জিয়াউল হক, পিতা জনাব ফজলুল হককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩৮/২০১৩-৩৩৩**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুমিল্লা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব অজয় কৃষ্ণ পাল, পিতা জনাব পরেশ চন্দ্র পালকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৯ জুন ২০১৩

**নং আর-৬/৭এন-৩৩/২০১৩-৩৫১**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব শুধাংশু সূত্রধর, পিতা-স্বর্গীয় জনাব যুগেন্দ্র সূত্রধরকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩৪/২০১৩-৩৫২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব প্রবাল কুমার মোদক, পিতা-স্বর্গীয় জনাব প্রমোদ রঞ্জন মোদককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ২১ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-১১/২০১৩-৩৮২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব পলাশ কুমার বালা, পিতা-কালীপদ বালা, শ্রীনাথ চ্যাটার্জী লেন, বরিশাল সদর, বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার সিটি কর্পোরেশনের "খ" অঞ্চল ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ২৪, ২৫ ও ২৬ নং ওয়ার্ড এলাকায় হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১২/২০১৩-৩৮৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব বাদল কৃষ্ণ শীল, পিতা চিত্ত রঞ্জন শীল, গ্রাম-চরকাউয়া (হিন্দু এলাকা), ২ নং ওয়ার্ড, ডাকঘর-চরকাউয়া, সদর উপজেলা, জেলা-বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১২/২০১৩-৩৯০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব রবীন্দ্র নাথ দাস, পিতা সুবাস চন্দ্র দাস, গ্রাম-চরসমসদি বালিগ্রাম, ডাকঘর-কাঠীপাড়া, উপজেলা বাকেরগঞ্জ, জেলা বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২২ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-০৮/২০১৩-৩৯৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মিহির মৃধা, পিতা-মহিমোহন মৃধা, গ্রাম ও ডাকঘর-কলকলিয়া, উপজেলা-ফকিরহাট, জেলা-বাগেরহাট। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-০৮/২০১৩-৩৯৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব কমলেশ চন্দ্র পাল, পিতা মৃত রশিকলাল পাল, গ্রাম-পূর্ব সায়েড়া, ডাকঘর-সায়েড়া, উপজেলা ও জেলা-বাগেরহাট। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-০৮/২০১৩-৩৯৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব দেব নাথ কৃষ্ণ পদ, পিতা মৃত দেবনাথ গনেশচন্দ্র, গ্রাম শ্রীরামপুর, ডাকঘর শোলারকোলা, উপজেলা কচুয়া, জেলা-বাগেরহাট। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার কচুয়া উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-০৮/২০১৩-৩৯৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব সৈকত বিশ্বাস, পিতা-সুভাষ চন্দ্র বিশ্বাস, গ্রাম-রাঙ্গামাটিয়া, ডাকঘর-কোদালিয়া, উপজেলা-মোল্লাহাট, জেলা-বাগেরহাট। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

**মোঃ রবিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

## ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
## কোম্পানী-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জ্যৈষ্ঠ ১৪২০/২৭ মে ২০১৩

**নং ১৪.০০.০০০০.০০২.০২৭.০০৪.১২-১৮৯**—যেহেতু, আপনি বেগম বীথিকা রানী পাল, প্রাক্তন সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিকম ট্রেনিং সেন্টার, বিটিসিএল, তেজগাঁও, ঢাকা-কে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ২৫-০৭-২০১০ তারিখের ১৪.০০১.০০৮.০০.০০.০৩৫.২০১০-৯৪৬ নং স্মারকমূলে কানাডার University of Victoria-তে Master of Engineering (M.Eng.) কোর্সে অধ্যয়নের জন্য ২ (দুই) বছর শিক্ষা ছুটি মঞ্জুর করা হয় এবং আপনাকে বিটিসিএল হতে ০৫-০৮-২০১০ তারিখ অপরাহ্নে বিমুক্ত করা হয়। সে মোতাবেক আপনার অনুমোদিত শিক্ষা ছুটির মেয়াদ ০৪-০৮-২০১২ তারিখে শেষ হয়ে যায়। কিন্তু, অনুমোদিত ছুটি শেষে আপনি নিজ কর্মে যোগদান করেননি কিংবা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করে ০৫-০৮-২০১২ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে নিজ কর্মে অনুপস্থিত রয়েছেন;

২। যেহেতু, আপনি বেগম বীথিকা রানী পাল-এর এহেন আচরণ কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞাকরণ ও কর্তব্যে চরম অবহেলার সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ বিধায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজ কর্মে অনুপস্থিত থাকার দায়ে অভিযুক্ত করে আপনাকে এ মন্ত্রণালয়ের ১৫-১১-২০১২ তারিখের ৪১৭ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা জারিপূর্বক ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়, যা আপনার স্থায়ী এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু, আপনি কারণ দর্শানোর কোন জবাব দাখিল করেননি;

৩। যেহেতু, আপনি বেগম বীথিকা রানী পাল উক্ত কারণ দর্শানো নোটিশের কোনরূপ জবাব প্রদান না করায় কেন আপনাকে "চাকরি হতে বরখাস্তকরণ" শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা মোতাবেক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ০৭-০১-২০১৩ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়, যা গত ২৩-০১-২০১৩ তারিখে "দৈনিক আমাদের সময়" এবং ২১-০১-২০১৩ তারিখে "The Daily Star" পত্রিকায় প্রকাশিত হয়। তথাপি আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নিজ কর্মে অনুপস্থিত রয়েছেন;

৪। যেহেতু, আপনি বেগম বীথিকা রানী পাল-এর নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনমূলক কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা অনুযায়ী আপনাকে চাকরি হতে বরখাস্ত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ০৭-০৩-২০১৩ তারিখের ১০৭ সংখ্যক স্মারকমূলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ/মতামত চাওয়া হলে আপনাকে "চাকরি হতে বরখাস্তকরণ" শাস্তি আরোপে এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে পিএসসি'র বিগত ০৮-০৪-২০১৩ তারিখের ১৮১ সংখ্যক স্মারকমূলে একমত পোষণ করা হয়;

৫। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত পাওয়ার পর আপনি বেগম বীথিকা রানী পাল-কে “চাকরি হতে বরখাস্তকরণ” এর প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পেশ করা হলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক তা অনুমোদিত হয়;

৬। এক্ষণে, সেহেতু, আপনি বেগম বিথিকা রানী পাল, প্রাক্তন সহকারি বিভাগীয় প্রকৌশলী, টেলিকম ট্রেনিং সেন্টার, বিটিসিএল, তেজগাঁও, বিটিসিএল (বিলুপ্ত বিটিটিবি), ঢাকা-কে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনানুমতিতে নিজ কর্মে অনুপস্থিতির তারিখ ০৫-০৮-২০১১ থেকে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ জ্যৈষ্ঠ ১৪২০/১০ জুন ২০১৩

**নং প্রম/সাঃস/বর/১২/ডি-১৮/২৯০**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬৮৫১ ক্যাপ্টেন মোঃ তৌহিদুর রহমান চাকলাদার, পদাতিক-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯এ, আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকুরি থেকে বরখাস্ত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
উপ-সচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ জ্যৈষ্ঠ ১৪২০/১৬ মে ২০১৩

**নং ৪২.০৩১.০০৬.০০.০০.০২৭.২০১১-২৯১**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২২-০৪-২০১৩ তারিখের স্মারক নং-৫৯-পাউবো(সচি)/বোর্ড-২/পরিচালনা পরিষদ (পুনর্গঠন)-১/২০১৩-এর প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের ০২-০৬-২০১১ তারিখের প্রজ্ঞাপন নং-৪২.০৩১.০০৬.০০.০০.০২৭.২০১১-৩৯০-এর অনুবৃত্তি-ক্রমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০ এর ৮(১) ধারা বলে গঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরিচালনা পরিষদের সদস্যগণের মধ্যে ক্রমিক নং ৬-১০ পর্যন্ত সদস্যগণের মেয়াদ ০১-০৬-২০১৩ তারিখ হতে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত আরো ২ (দুই) বছর বর্ধিত করা হলো।

২। এক্ষেত্রে এ মন্ত্রণালয়ের ০২-০৬-২০১১ তারিখের প্রজ্ঞাপন নং-৪২.০৩১.০০৬.০০.০০.০২৭.২০১১-৩৯০-এর প্রদত্ত শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আলতাফ আলী**
সিনিয়র সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২ (অপারেশন)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৪ জুন ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯১.২০১০-১৭৮**—১৮৭৫ সনের জরিপ আইনের ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ১৪৪ ধারাধীন ১ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের

| ক্রমিক | জেলা | উপজেলা | মৌজা | জে, এল নং (আর এস) | এরিয়া |
|---|---|---|---|---|---|
| (১) | সিরাজগঞ্জ | বেলকুচি | বয়রা মাছুম | ১৬ | ৩২৮.৪০ একর |
| (২) | সিরাজগঞ্জ | বেলকুচি | বড় বেড়া খাড়ুয়া | ১৭ | ২৯৫.৫৯ একর |

খতিয়ান প্রস্তুত ও সংশোধনের নিমিত্ত জরিপ কার্য পরিচালনার জন্য প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**অধিগ্রহণ শাখা-১**

**এল, এ, কেস নং ৬২/৭৬-৭৭**

**ফরম-ঘ**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৫ জুন ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৭.১৩-১৪৫**—যেহেতু নিম্ন-তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৭-৫-৭৮ইং তারিখের আদেশদ্বারা অধিগ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে; এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল ঃ

**তফসিল**

মৌজা-ধুমেরকুঠী, জে, এল, নং ১১, উপজেলা-কাউনিয়া, জেলা-রংপুর

পূর্ণ দাগ নং-২, ৩, ৬, ১০৮, ১০৯, ১৪০ এবং ১৪১।

আংশিক দাগ নং-১, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ২৫, ২৭, ২৯, ৯৬, ৯৭, ১০৫, ১০৭, ১১০, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১৩৪, ১৩৮, ১৩৯, ১৪২, ১৪৪, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫০ এবং ১৫১।

মোট জমি কম বা বেশী ৫.২২ একর মাত্র।

জমির নক্সা এল, এ, অফিস, রংপুর অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মতিয়ার রহমান**
উপ-সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ জুন ২০১৩

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৪১.২০১৩-৩৮৬**—জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নম্বর-৬০১৯৪১), উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ফেরী উপ-বিভাগ, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ (১) বিধি মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব মোঃ শফিকুল ইসলাম সড়ক ও জনপথ অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**ডিএফডিপি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪২০/৪ জুন ২০১৩

**নং ৩৫.০০.০০০০.০২৯.১৫.০১৪.১৩-২৯৮**—ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট এর জন্য ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) নির্বাহী পরিচালক, ডিটিসিএ

(৩) যুগ্মসচিব (প্রশাসন), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

(৪) যুগ্মসচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৫) যুগ্মসচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৬) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের একজন প্রতিনিধি (পরিচালকের নিম্নে নয়)

**সদস্য-সচিব**

(৭) পরিচালক (প্রশাসন), ডিটিসিএ

**কার্যপরিধি** ঃ (ক) ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট এর অনুমোদিত ডিপিপি অনুসরণে ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান করবে;

(খ) শূন্য পদ পূরণের ক্ষেত্রে কমিটি সরকারি বিদ্যমান বিধি-বিধান, কোটা ও সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণ করবে;

২। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নুরুল আমিন**
উপ-সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ আষাঢ় ১৪২০/১৬ জুন ২০১৩

**নং শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-০৭/২০১০/৩১০**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা মোছাঃ শাহিনা আক্তার, প্রভাষক (বাংলা), সরকারি সিটি কলেজ, যশোর এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ০৪-১২-২০০৮ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি জবাব প্রদান করেননি। ফলে বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহিত হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। অতঃপর তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু উক্ত নোটিশেরও জবাব পাওয়া যায়নি এবং তা ফেরতও আসেনি। অতঃপর জেলা প্রশাসক, যশোর এর মাধ্যমে নোটিশটি জারির ব্যবস্থা গ্রহণ করা হলে জেলা প্রশাসক জানায় যে, "অভিযুক্তের ঠিকানা মোতাবেক গিয়ে জানতে পারেন

তিনি স্থায়ী ঠিকানায় বসবাস করেন না-তাই নোটিশটি জারি করা সম্ভব হয়নি এবং উক্ত কর্মকর্তা স্থায়ী ঠিকানায় বসবাস করেন না মর্মে সংশ্লিষ্ট উপজেলা ভাইস চেয়ারম্যান নোটিশ জারির প্রতিবেদন পত্যয়ন করেন";

যেহেতু, মোছাঃ শাহিনা আক্তার এর বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক ০৪-১২-২০০৮ তারিখ হতে ভূতাপেক্ষভাবে "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, মোছাঃ শাহিনা আক্তারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক ০৪-১২-২০০৮ তারিখ হতে ভূতাপেক্ষভাবে "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

---

**শাখা ঃ ২০**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ বৈশাখ ১৪২০/১৮ এপ্রিল ২০১৩

**নং ৩৭.০২.০০০০.০৮১.০৬.০০১.১৩-১১৯**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিপ্তরাধীন 'তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুযায়ী নিম্নোক্তভাবে প্রজেক্ট বাস্তবায়ন কমিটি (PIC) গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

(৩) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

(৪) উপ-সচিব (উন্নয়ন-১), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) সংশ্লিষ্ট উপ-প্রধান, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৬) পরিকল্পনা কমিশনের শিক্ষা উইং এর একজন উপযুক্ত প্রতিনিধি

(৭) আইএমইডি এর একজন উপযুক্ত প্রতিনিধি

(৮) পরিকল্পনা কমিশনের জিইডি বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি, ঢাকা

(৯) পরিকল্পনা কমিশনের প্রোগ্রাম বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি, ঢাকা

(১০) মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের **A2I** প্রোগ্রাম-এর একজন উপযুক্ত প্রতিনিধি, ঢাকা

**সদস্য-সচিব**

(১১) প্রকল্প পরিচালক, তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**কর্ম-পরিধি ঃ**

(ক) প্রকল্পের বর্ষ-মাফিক কাজের অগ্রগতি নির্ধারণ/মূল্যায়ন করা;

(খ) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে পিআইইউ কর্তৃক প্রণিত বার্ষিক সময়-নির্ভর (Time-bound) কর্ম পরিকল্পনা (Action Plan) অনুমোদন করা;

(গ) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা এবং যে কোন প্রকার উদ্ভূত সমস্যা নিরসনে পরামর্শ/সিদ্ধান্ত প্রদান করা, প্রয়োজনে এসব বিষয়ের উপর সিদ্ধান্তের জন্য প্রকল্পের পিএসসি-তে আলোচনার জন্য অগ্রায়ন করা; এবং

(ঘ) প্রয়োজনের নিরিখে যে কোন সময় সভা আহ্বান করা (কিন্তু, প্রতি অর্থ-বছরের প্রতি কোয়ার্টারে কোন অবস্থাতেই একবারের কম নয়)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শামসুল আলম**
সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪২০/৬ জুন ২০১৩

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-০৭/২০১৩/১৩৩**—যেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ মজুমদার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা চলার মতো উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ মজুমদার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল। ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনে আরও যত্নবান হয়োর জন্য তাকে 'সতর্ক' করা হ'ল।

**কাজী আখতার হোসেন**
সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২০/২ জুন ২০১৩

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.৭২-১৩-১১৩৮**—গাইবান্ধা জেলার পলাশবাড়ি উপজেলায় অবস্থিত কাদিরবক্স মন্ডলের সমজিদটি ১৯৬৮ সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নস্থল "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানার পূর্ণ বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও খতিয়ান নং | দাগ নং | | | |
| (১) | কাদির বক্স মন্ডলের মসজিদ<br>মৌজা-নুনিয়াগাড়ী,<br>উপজেলা-পলাশবাড়ী,<br>জেলা-গাইবান্ধা। | মৌজা-নুনিয়াগাড়ী | | | উঃ সরু পাকা রাস্তা<br>দঃ বসত বাড়ী<br>পূঃ পলাশবাড়ী ঘোড়াঘাট রাস্তা<br>পঃ বগুড়া-রংপুর মহাসড়ক | |
| | | সি এস-৮৮ | ৩১৯<br>৩২০ | ০.০২<br>০.০১ | | সি এস, রায়তি কেরামতুল্যা মন্ডল, পিং আমনতুল্যা মন্ডল |
| | | এস এ-১২৭ | ৩১৯<br>৩২০ | ০.০২<br>০.০১ | | এস এ, কাদির বক্স মন্ডল পিং কেরামতুল্যা মন্ডল সাং নিজ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ দাউদুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ জ্যৈষ্ঠ ১৪২০/ ২৭ মে ২০১৩

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০২.০২৯.২০০৫-৯৩**—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ১ম শ্রেণীর ৫ (পাঁচ) ক্যাটাগরির ৭ (সাত) টি অস্থায়ী পদ বর্ণিত শর্তে ০১-০৬-২০১৩ তারিখ হতে স্থায়ীকরণের সরকারি আদেশ নির্দেশক্রমে জারি করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (বেতনস্কেল, ২০০৫) |
|---|---|---|---|
| (১) | উপ-মহাব্যবস্থাপক | ০১ (এক) টি | ১৫,০০০—১৯,৮০০/-(৪নং গ্রেড) |
| (২) | সহকারী নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ) | ০১ (এক) টি | ১১,০০০—১৭,৬৫০/-(৬নং গ্রেড) |
| (৩) | সম্প্রসারণ কর্মকর্তা | ০৩ (তিন) টি | ৬,৮০০—১৩,০৯০/-(৯নং গ্রেড) |
| (৪) | গবেষণা কর্মকর্তা | ০১ (এক) টি | ৬,৮০০—১৩,০৯০/-(৯নং গ্রেড) |
| (৫) | রসায়নবিদ | ০১ (এক) টি | ৬,৮০০—১৩,০৯০/-(৯নং গ্রেড) |
| | | মোট=৭ (সাত) টি | |

**শর্তসমূহ ঃ**

(ক) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর বিদ্যমান টিওএন্ডই তে অস্থায়ী পদগুলি স্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করে তার একটি কপি অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগে প্রেরণ করতে হবে;

(খ) এতদ্সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলে বর্ণিত অন্যান্য বিধি-বিধান/আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ৮ জ্যৈষ্ঠ ১৪২০/২২ মে ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৮.২০১২-৫৪২**—যেহেতু, ডাঃ এ. কে. এম. মোস্তফা হোসেন (৩০৬৯১), অধ্যাপক (চঃ দাঃ) রেসপিরেটরি মেডিসিন, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (প্রাক্তন ভারপ্রাপ্ত পরিচালক জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০২-০১-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ. কে. এম. মোস্তফা হোসেন (৩০৬৯১), অধ্যাপক (চঃ দাঃ) রেসপিরেটরি মেডিসিন, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায়, তাঁর বিরুদ্ধে যে সব অভিযোগ উত্থাপিত হয় তা নিতান্ত তাঁর প্রশিক্ষণের অভাবজনিত এবং অনিচ্ছাকৃত। যেহেতু, এক্ষেত্রে আলোচ্য বিভাগীয় মামলায় আর্থিক অপচয়ের সংশ্লেষ নেই, তাই বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি দেয়া হল। তবে ভবিষ্যতে আর্থিক নিয়মকানুন ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণের জন্য তাঁকে সতর্ক করা হল।

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ২২ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৫.২০১৩-৪৩২**—যেহেতু, ডাঃ বানীব্রত নন্দী (কোড ১১৪৪১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কপপ্লেক্স, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি তার বিরুদ্ধে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ স্বীকার করে অন্যায় করেছেন বলে জানান। তিনি এফসিপিএস কোর্স করার জন্য এভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বলে জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ বানীব্রত নন্দী (কোড ১১৪৪১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কপপ্লেক্স, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.২৮২.২০১২-৪৩৪**—যেহেতু, ডাঃ রেজিনা বিলকিস (১১৪৮৬৮), মেডিকেল অফিসার, রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ০১-০৭-২০০৯ তারিখ থেকে ৩০-০৬-২০১১ পর্যন্ত এমফিল কোর্স করার জন্য বারডেম একাডেমিতে প্রেষণে নিয়োজিত ছিলেন। এমফিল পরীক্ষা শেষ হয়েছে জানুয়ারি/২০১২ তে। তিনি পরবর্তী পদায়নের জন্য অপেক্ষমান ছিলেন। কিন্তু কর্তৃপক্ষ তার প্রেষণাদেশ বাতিল করেননি বা পদায়ন আদেশও জারি করেননি। অপরদিকে প্রেষণের মেয়াদ শেষান্তে স্বাস্থ্য অধিদপ্তরে স্বেচ্ছায় যোগদান করতে হবে এ রকম কোন ধারণাও তার ছিল না। তিনি ৩০-০৪-২০১২ তারিখে জারিকৃত পদায়ন আদেশ প্রাপ্তির পর পর বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ রেজিনা বিলকিস (১১৪৮৬৮), মেডিকেল অফিসার, রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.১৯৫.২০১২-৪৩৮**—যেহেতু, ডাঃ মুঃ মিজানুর রহমান (কোড ১১১২৬৯), মেডিকেল অফিসার, রসুলপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মুক্তগাছা, ময়মনসিংহ (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাজিরপুর, পিরোজপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৭-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত এফসিপিএস করার জন্য প্রেষণে ছিলেন। কোর্স সম্পন্ন করতে না পারায় তিনি ০১-০৭-২০১১ হতে ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষাছুটির আবেদন করেন এবং অধ্যয়ন করতে থাকেন। কর্তৃপক্ষ শিক্ষাছুটি মঞ্জুর করেনি তবে বিষয়টি তাঁকে জানানো হয়নি। তিনি ১৬-০২-২০১২ থেকে পুনরায় পদায়ন আদেশবলে চাকুরিতে কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুঃ মিজানুর রহমান (কোড ১১১২৬৯), মেডিকেল অফিসার, রসুলপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মুক্তগাছা, ময়মনসিংহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

তারিখ, ২৩ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১২-৪৪৭**—যেহেতু, ডাঃ অরবিন্দ রায় (কোড ১১১০৫০), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, মেডিসিন পদের বিপরীতে), ২০ শয্যা হাসপাতাল, মনোহরগ্রাম, আড়াইহাজার, নারায়ণগঞ্জ (সাবেক রেডিওলজিস্ট, পেডিয়াট্রিক রেডিওলজি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৮-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তার নিজের এবং স্ত্রীর অসুস্থতা এবং পারিবারিক সমস্যার কারণে তিনি গত ১০-০৯-২০১২ তারিখ হতে ২৭-০২-২০১৩ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ অরবিন্দ রায় (কোড ১১১০৫০), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, মেডিসিন পদের বিপরীতে), ২০ শয্যা হাসপাতাল, মনোহরগ্রাম, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

তারিখ, ২৪ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৩-৪৪৮**—যেহেতু, ডাঃ শিশির রঞ্জন দাস (৩৮৭৮০), সহযোগী অধ্যাপক, নিউনেটলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (সহকারী অধ্যাপক, নিউনেটলজি বিভাগ হিসেবে এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেটে বদলির আদেশাধীন) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৮-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তার অভিযোগনামা, তাঁর মৌখিক ও লিখিত বক্তব্য, প্রাথমিক তদন্ত প্রতিবেদন এবং নথির সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য বলে প্রতীয়মান হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ শিশির রঞ্জন দাস (৩৮৭৮০), সহযোগী অধ্যাপক, নিউনেটলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (সহকারী অধ্যাপক, নিউনেটলজি বিভাগ হিসেবে এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেটে বদলির আদেশাধীন) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

তারিখ, ২৮ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.০৮২.২০১২-৪৫৯**—যেহেতু, ডাঃ মোহাম্মদ মুনসুর হাল্লাজ (১১২৩৫০), সহকারী রেজিস্ট্রার (সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৩-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত এসএম কোর্স করার জন্য প্রেষণে ছিলেন। এসএম পরীক্ষা শেষ না হওয়ায় তিনি আরো এক বছর শিক্ষাছুটির জন্য আবেদন করেছিলেন, যা স্বাস্থ্য অধিদপ্তর থেকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। স্বাস্থ্য মন্ত্রণালয় শিক্ষাছুটি মঞ্জুর না করাতে তিনি ২১-১১-২০১১ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে পদায়নের জন্য যোগদান করেন। তার বক্তব্যের স্বপক্ষে তিনি প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ মুনসুর হাল্লাজ (১১২৩৫০), সহকারী রেজিস্ট্রার (সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

তারিখ, ২৯ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.১৩৫.২০১২-৪৬৬**—যেহেতু, ডাঃ মোঃ আব্দুল্লাহ আল হারুন (১১২১৪২), ইমারজেন্সি মেডিকেল অফিসার (ইএমও), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৪-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, এফসিপিএস কোর্স করার জন্য তিনি ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত প্রেষণে ছিলেন। উক্ত সময়ে এফসিপিএস ২য় পর্ব পরীক্ষা শেষ না হওয়াতে তিনি আরো ০৬ মাসের জন্য শিক্ষাছুটির আবেদন করেন যা স্বাস্থ্য অধিদপ্তর থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। তিনি ছুটি মঞ্জুর হবে এই আশায় অধ্যয়ন অব্যহত রাখেন। কিন্তু কর্তৃপক্ষ তার শিক্ষাছুটি মঞ্জুর না করায় তার বাড়তি অধ্যায়নকাল অননুমোদিত হিসেবে গণ্য হয়েছে। তিনি এজন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আব্দুল্লাহ আল হারুন (১১২১৪২), ইমারজেন্সি মেডিকেল অফিসার (ইএমও), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.২৭২.২০১২-৪৬৮**—যেহেতু, ডাঃ মুহাম্মদ শায়েস্তা আলী খান (১১১৬৭২), সহকারী রেজিস্ট্রার (এন্ড্রোক্রাইনোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকলে কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৩-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, এফসিপিএস কোর্স করার জন্য তিনি ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত প্রেষণ ও শিক্ষাছুটিতে ছিলেন। অতঃপর ০৭-০৭-২০১১ তারিখে বুনিয়াদী প্রশিক্ষণের জন্য আদেশপ্রাপ্ত হয়ে তিনি উক্ত কোর্স ১৫-০৯-২০১১ তারিখে সম্পন্ন করেন। প্রশিক্ষণ চলাকালীন তিনি পায়ে আঘাতপ্রাপ্ত হয়ে পঙ্গু হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেন এবং দেড়মাস চিকিৎসাধীন ছিলেন। এ জন্য তিনি কাজে যোগদান করতে পারেননি। অতঃপর ২৪-০১-২০১২ এবং পরবর্তীতে ০৬-০৩-২০১২ তারিখে আবারও তাঁর পদায়ন আদেশ জারি হয়। সে মোতাবেক তিনি মিটফোর্ড হাসপাতালে যোগদান করেন। বুনিয়াদী প্রশিক্ষণ শেষে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানের কথা থাকলেও তিনি যোগদান করেননি এবং এজন্য তিনি ক্ষমা প্রার্থণা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ শায়েস্তা আলী খান (১১১৬৭২), সহকারী রেজিস্ট্রার (এন্ড্রোক্রাইনোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ১২ মে ২০১৩

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৭২.২০১৩-১৮৯**—যেহেতু, ডাঃ মোঃ মনিরুজ্জামান শেখ (১২৫৫১৭), সহকারী সার্জন উপাদী (দক্ষিণ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মতলব দক্ষিণ চাঁদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৫-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মনিরুজ্জামান শেখ (১২৫৫১৭), সহকারী সার্জন উপাদী (দক্ষিণ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মতলব দক্ষিণ চাঁদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ০২ (দুই) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৮৫.২০১৩-১৯০**—যেহেতু, ডাঃ ফারজানা তাসমীন শান্তা (১২৫৩২৯), সহকারী সার্জন, রঘুনাথপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ঘাটাইল, টাংগাইল (সাবেক সহকারী সার্জন, গোবিন্দশ্রী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মদন, নেত্রকোণা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৫-০৪-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু, ডাঃ ফারজানা তাসমীন শান্তা (১২৫৩২৯), সহকারী সার্জন, রঘুনাথপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ঘাটাইল, টাংগাইল (সাবেক সহকারী সার্জন, গোবিন্দশ্রী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মদন, নেত্রকোণা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যলোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হল।

তারিখ, ২১ মে ২০১৩

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১০৪.২০১৩-১৯৫**—যেহেতু, ডাঃ মোঃ আবদুল্লাহ আল-মামুন (১২৫২৬৪), সহকারী সার্জন, বাগধা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, আগৈলঝড়া, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২-০৫-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আবদুল্লাহ আল-মামুন (১২৫২৬৪), সহকারী সার্জন, বাগধা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, আগৈলঝড়া, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**পার-৩ অধিশাখা**

**আদেশাবলী**

তারিখ, ১৬ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৪৪.১৩০.০০.০০.০০৮.২০১১-২১৬**—ডাঃ মুহাম্মদ আমিনুর ইসলাম, সহকারী সার্জন, গাছুয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সন্দ্বীপ, চট্টগ্রাম-কে অত্র মন্ত্রণালয়ের শৃংখলা-১ শাখা হতে তার চাকুরি অবসান ঘটানোর কারণে গত ০৮-০৪-২০১৩ তারিখের ২১১ নং স্মারকের সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা বাতিল করা হলো অর্থাৎ উক্ত আদেশ অকার্যকর বলে গণ্য হবে।

তারিখ, ৩০ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৪৪.০৫৮.০০.০০.০০২.২০১১-২৩৭**—যেহেতু, ডাঃ মোঃ শহিদুল আলম (কোড ৩৯৭৫৭), জুনিয়র কনসালট্যান্ট (অর্থো-সার্জারী) (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিলমারী, কুড়িগ্রামকে পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করার কারণে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ০৪-১০-২০১১ তারিখের ৯২৪ নং স্মারক মোতাবেক তাঁকে চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, ডাঃ মোঃ শহিদুল আলম (কোড ৩৯৭৫৭), জুনিয়র কনসালট্যান্ট (অর্থো-সার্জারী) (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিলমারী, কুড়িগ্রাম-এর বিরুদ্ধে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করার জন্য রুজুকৃত বিভাগীয় মামলা প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে সেহেতু তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা সমীচীন।

এক্ষণে ডাঃ মোঃ শহিদুল আলম (কোড ৩৯৭৫৭), জুনিয়র কনসালট্যান্ট (অর্থো-সার্জারী) (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিলমারী, কুড়িগ্রাম-এর সাময়িক বরাখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

তার সাময়িক বরখাস্তকালীন সময় বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

**এম. এম নিয়াজউদ্দিন**
সচিব।

---

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মে ২০১৩

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-২২/২০০৪/১০৬**—খসড়া জাতীয় ঔষধ নীতিমালা-২০১৩ পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হল ঃ

**আহবায়ক**

(১) অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) চেয়ারম্যান, ফার্মাকোলজি বিভাগ, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।

(৪) ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৫) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৬) এ এ সেলিম বারামী, পরিচালক (চঃ দাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।

(৭) প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর (পরিচালক পদমর্যাদা সম্পন্ন)।

**সদস্য-সচিব**

(৮) উপ-সচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি ঃ**

এই কমিটি খসড়া জাতীয় ঔষধ নীতিমালা-২০১৩ পর্যালোচনাপূর্বক ১৫ কার্যদিবসের মধ্যে চূড়ান্ত করবে এবং সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর দাখিল করবে।

২। জনস্বার্থে এ কমিটি গঠন করা হল এবং অবিলম্বে এটি কার্যকর হবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**ফাতেমা রহিম ভীনা**
উপ-সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ মে ২০১৩

**নং স্বাপকম/জনস্বাস্থ্য-১/মন্ত্রিসভা-১/২০১৩/১১৫**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৫-০৫-২০১৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন এবং হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতি আইন দুইটির খসড়া সংশোধন ও পরিমার্জনের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) পরিচালক (হোমিও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যক্ষ, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, মিরপুর-১৪, ঢাকা।

(৩) অধ্যক্ষ, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, মিরপুর-১৩, ঢাকা।

(৪) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুবেদিক বোর্ড, ঢাকা

(৫) রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, ঢাকা।

**সদস্য-সচিব**

(৬) সহকারী পরিচালক (হোমিও ও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি আগামী ২৫-০৫-২০১৩ তারিখের মধ্যে বর্ণিত আইন দুইটির চূড়ান্ত সংশোধিত খসড়া মন্ত্রণালয়ে দাখিল করবে।

২। জনস্বার্থে এ কমিটি গঠন করা হল এবং অবিলম্বে এটি কার্যকর হবে।

**ফাতেমা রহিম ভীনা**
উপ-সচিব।

---

**হাসপাতাল-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ মে ২০১৩

**নং ৪৫.১৫৫.১১৬.০০.০১.০০৩.২০১০-৩৬৭**—জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ বাস্তবায়নের লক্ষ্যে উক্ত নীতির কর্মকৌশল অধ্যায়ের ২নং অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক নিম্নোক্তভাবে জাতীয় স্বাস্থ্য কাউন্সিল এর নির্বাহী কমিটি গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(৩) মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপদেষ্টা।

(৪) মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৫) সভাপতি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

(৬) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৭) সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(৮) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

(৯) ভাইস চ্যান্সেলর, বিএসএমএমইউ।

**সদস্য-সচিব**

(১০) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

**সদস্যবৃন্দ**

(১১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১২) মহাপরিচালক, নিপোর্ট।

(১৩) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর।

(১৪) পরিচালক, সেবা পরিদপ্তর।

(১৫) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন।

(১৬) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)।

(১৭) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি।

(১৮) মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন।

(১৯) অধ্যাপক রশিদ-ই-মাহবুব, সাবেক সভাপতি, বিএমএ।

(২০) অধ্যাপক এম আর খান, জাতীয় অধ্যাপক।

(২১) অধ্যাপক শায়লা খাতুন, জাতীয় অধ্যাপক, ঢাকা।

(২২) সভাপতি, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনার্স এ্যাসোসিয়েশন।

**কার্যপরিধি ঃ**

(ক) এ কমিটি স্বাস্থ্য নীতি, জনসংখ্যা নীতি ও পুষ্টি নীতির আলোকে কর্মকাণ্ড পরিচালনা;

(খ) কমিটি প্রয়োজনীয় অবকাঠামো সংস্কার, জনবল নিয়োগ, স্বাস্থ্য সম্পর্কিত মানবসম্পদ উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়ন, কর্মীদের কর্মজীবন পরিকল্পনা, উন্নয়ন ব্যবস্থাপনা নীতিসহ স্বাস্থ্যসেবার সঠিক উন্নয়নে পরার্মশ প্রদান;

(গ) সম্পদের প্রাপ্যতার ভিত্তিতে জাতীয় স্বাস্থ্য কাউন্সিল প্রদত্ত সুপারিশসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন;

(ঘ) বাংলাদেশ স্বাস্থ্য কাউন্সিল কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন; এবং

(ঙ) বিভিন্ন প্রাসংগিক বিষয়াদি বিবেচনা ও কার্যক্রম গ্রহণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মালেক**
উপ-সচিব।

## চিকিৎসা শিক্ষা-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ এপ্রিল ২০১৩

**নং স্বাপকম/চিশি-১/মেঃবিঃ-০৩/২০১২/১৭৬**—বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১নং আইন) এর ১৫ ধারা অনুসারে মহামান্য অস্থায়ী রাষ্ট্রপতি ও চ্যান্সেলর, অধ্যাপক ডাঃ মোঃ রুহুল আমিন মিয়া, চেয়ারম্যান, মাইক্রোবায়োলজি ও ইমিউনোলজি বিভাগ-কে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ করেছেন।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতির ও চ্যান্সেলরের আদেশক্রমে

**মাহফুজা আকতার**
সিনিয়র সহকারী সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## কারা-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৬ জুন ২০১৩

**নং স্বঃমঃসি(ডিপি)-৮/২০০৯(কারা-১)-২১০**—যেহেতু, জনাব টিপু সুলতান, সিনিয়র তত্ত্বাবধায়ক, সিলেট কেন্দ্রিয় কারাগার এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা নং-স্বঃমঃসি(ডিপি)-৮/২০০৯(কারা-১) -৬১৯, তারিখঃ ১২-৮-২০০৯ রুজু করা হয়;

যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা বিগত ১০-০৯-২০০৯ তাঁর লিখিত জবাব দাখিল করেন এবং জবাবের প্রেক্ষিতে ১৯-১০-২০০৯ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, যথারীতি তাঁর শুনানী শেষে বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক ২১-০৪-২০১৩ তারিখে অভিযোগসমূহ সন্দেহাতীভাবে প্রমাণিত হয়নি মর্মে মন্তব্য করে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন, পুনঃ তদন্ত প্রতিবেদন এবং অধিকতর তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব টিপু সুলতানের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আনীত অভিযোগ হতে জনাব টিপু সুলতান-কে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

## কারা অধিশাখা-২

### প্রজ্ঞাপন

তারিখ, ০৩ আষাঢ় ১৪২০/১৭ জুন ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০১.১২-১২৯**—যাবজ্জীবন সাজাপ্রাপ্ত কয়েদিগণের কারা বিধি ১ম খণ্ডের ৫৬৯ ধারা অনুযায়ি এবং ফৌজদারি কার্যবিধি এর ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার রংপুর বিভাগের নিম্নবর্ণিত কারাগারসমূহে আটক কয়েদিদের অবশিষ্ট কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করলো ঃ

| ক্রমিক নং | কয়েদী নং, নাম, পিতার নাম ও ঠিকানা |
|---|---|
| | **রংপুর কেন্দ্রিয় কারাগার-১৬** |
| (১) | ৭১৩৪/এ, দুলু, পিতা জহরুদ্দিন, সাং গোপালপুর, থানা বদরগঞ্জ, জেলা রংপুর। |
| (২) | ৩২৮৮/এ, আবুলী বিবি, স্বামী মৃত সাহার উদ্দিন, সাং দেওলাবাড়ি প্রমানিকপাড়া, থানা মেলান্দহ, জেলা জামালপুর, বর্তমান সাং দক্ষিণ বেনামপাড়া, থানা ডোমার, জেলা নীলফামারী। |
| (৩) | ৫৮৪৩/এ, মোঃ আফজাল হোসেন, পিতা মোঃ মমতাজ আলী, সাং তলব রশীদ (দেনদপাড়া), থানা নবাবগঞ্জ, জেলা দিনাজপুর। |
| (৪) | ৬১৩৩/এ, আবুল কাশেম, পিতা মৃত হাজী কাছের উদ্দীন, সাং আন্দার কোঠা, থানা মিঠাপুকুর, জেলা রংপুর। |
| (৫) | ৪৩৬৫/এ, রমজান নুরু, পিতা মৃত সমির উদ্দিন ওরফে সমউদ্দিন, সাং সালন্দর, থানা ও জেলা ঠাকুরগাঁও। |
| (৬) | ৭১৩৬/এ, বেলাল, পিতা আশরাফ উদ্দিন, সাং গোপালপুর, থানা বদরগঞ্জ, জেলা রপুর। |
| (৭) | ৭২১০/এ, মোছাঃ জাহেদা বেগম, স্বামী মৃত দবির উদ্দিন, সাং ছাতিয়ানগড়, থানা খানসামা, জেলা দিনাজপুর। |
| (৮) | ৩৮৮৯/এ, কালু অধিকারী, পিতা মৃত করুনা কান্ত অধিকারী, সাং কৈমারী গোয়ালপাড়া, থানা জলঢাকা, জেলা নীলফামারী। |
| (৯) | ১৮৬৫/এ, আবুল কালাম আজাদ, পিতা রিয়াজুল হক, সাং তরফসাদী, থানা মিঠাপুকুর, জেলা রংপুর। |
| (১০) | ১৯৫৪/এ, মোকলেছার রহমান, পিতা মৃত মফিজ উদ্দিন, সাং পশ্চিম দলিরাম (ছয়ঘরিয়া), বর্তমান শয়ালখাওয়া, থানা কালিগঞ্জ, জেলা লালমনিরহাট। |
| (১১) | ১৯০৩/এ, মোছাঃ ফাতেমা, স্বামী নুর ইসলাম, সাং সাপটিবাড়ী, থানা আদিতমারী, জেলা লালমনিরহাট। |
| (১২) | ১৮৩৮/এ, শ্রী গয়াধর, পিতা শ্রী মাখন, সাং ভবন্তপুর, থানা সার্কিট, জেলা এয়েটা (ভারত)। |
| (১৩) | ৭৫৭৮/এ, মোঃ আব্দুল লতিফ, পিতা মহির উদ্দিন, সাং রড়ইল, থানা কোতয়ালী, জেলা দিনাজপুর। |
| (১৪) | ৯৬৮৫/এ, মোঃ ইব্রাহিম খলিল ওরফে বাবুল, পিতা মৃত জছিম উদ্দিন মন্ডল, সাং পশ্চিম বোড়াগাড়ী, থানা ডোমার, জেলা নীলফামারী। |

| ক্রমিক নং | কয়েদী নং, নাম, পিতার নাম ও ঠিকানা |
|---|---|
| (১৫) | ২০৩১/এ, মোঃ মজিবর রহমান, পিতা মোঃ তোবারক হোসেন, সাং উজিয়াল, থানা তারাগঞ্জ, জেলা রংপুর। |
| (১৬) | ৯৪১৪/এ, বক্কর আলী, পিতা আছিমুদ্দিন, সাং বোনতারা, থানা কোতয়ালী, জেলা দিনাজপুর। |
| **দিনাজপুর জেলা কারাগার-০১** | |
| (১৭) | ৩০৮৮/এ, মোঃ মানিক, পিতা মোহাম্মদ আলী, সাং দুহসুহ, থানা খানসামা, জেলা দিনাজপুর। |
| **ঠাকুরগাঁও জেলা কারাগার-০২** | |
| (১৮) | ৪৬৭৯/এ, ছয়ফুল, পিতা মৃত খিজ উদ্দিন, সাং সালন্দর, থানা ঠাকুরগাঁও, জেলা ঠাকুরগাঁও। |
| (১৯) | ৫০৫৭/এ, হাফিজুল, পিতা মৃত খিজ উদ্দিন, সাং সালন্দর, থানা ঠাকুরগাঁও, জেলা ঠাকুরগাঁও। |
| **নীলফামারী জেলা কারাগার-০১** | |
| (২০) | ৩৪১৮/এ, মোঃ ইছাহাক আলী, পিতা মৃত জিয়ার উদ্দিন, গ্রাম বাবরিঝাগ, থানা ও জেলা নীলফামারী। |
| **লালমনিরহাট জেলা কারাগার-০৪** | |
| (২১) | ৩০৮০/এ, মোঃ আসাদুল ইসলাম, পিতা আসকর আলী, সাং মহিষখোচা (কচুমুরা), থানা আদিতমারী, জেলা লালমনিরহাট। |
| (২২) | ৩৮৭০/এ, মোঃ শরিফ উদ্দিন (শরা), পিতা মৃত করিমুদ্দীন, সাং সারপুকুর, থানা আদিতমারী, জেলা লালমনিরহাট। |
| (২৩) | ৩০৮২/এ, শ্রী সুজন @ সুজন @ পাপ্পু, পিতা প্রেম লাল, সাং আল্লাপুর, থানা খাউয়াবাস বালা, জেলা এয়েট (ভারত)। |
| (২৪) | ২০৮০/এ, আমিনুর রহমান, পিতা মোঃ আঃ গফুর, সাং আদিতমারী, থানা আদিতমারী, জেলা লালমনিরহাট। |
| **কুড়িগ্রাম জেলা কারাগার-০৩** | |
| (২৫) | ১৩৬৯/এ, শ্রী পুলিন চন্দ্র সরকার, পিতা বিজয় চন্দ্র সরকার, সাং চাকিরপাশা তালুক, থানা রাজারহাট, জেলা কুড়িগ্রাম। |
| (২৬) | ১৪০৬/এ গোলাম আজম, পিতা আমির আলী, সাং কবির মামুদ, থানা ফুলবাড়ী, জেলা কুড়িগ্রাম। |
| (২৭) | ১২৮০/এ, মোঃ লস্কর আলী, পিতা মৃত বেলায়েত হোসেন, সাং চরবলদিয়া, থানা ভুরুঙ্গামারী, জেলা কুড়িগ্রাম। |
| **গাইবান্ধা জেলা কারাগার-০১** | |
| (২৮) | ১৩২৫/এ, মোঃ আঃ কাদের, পিতা মৃত আজিজুল, সাং রামচন্দ্রপুর, থানা ও জেলা গাইবান্ধা। |

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**সালমা বেগম**
উপ-সচিব।

## পুলিশ শাখা-৩

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৭ জুন ২০১৩

**নং ৪৪.০০.০০০০০.৯৬.০১.০০৬.১২-৩৮৬—১৮৯৮** খ্রিঃ ফৌজদারী কার্যবিধির (৫নং আইন) এর ৪ উপ-ধারা ১(এস) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চট্টগ্রাম জেলার মিরসরাই থানাকে বিভক্ত করে জোরারগঞ্জ থানা প্রতিষ্ঠা হওয়ায় নিম্নোক্ত তফসিলের ২নং কলামে বর্ণিত ইউনিয়নসমূহের ৩নং কলামের মৌজাসমূহ নিয়ে "মিরসরাই থানা" পুনর্গঠন করলো ঃ

**তফসিল**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে,এল নং |
|---|---|---|---|
| (১) | মিরসরাই পৌরসভা | ১নং ওয়ার্ড পূর্ব মঘাদিয়া (আংশিক) | |
| | | ২নং ওয়ার্ড পূর্ব মঘাদিয়া (আংশিক) | |
| | | ৩নং ওয়ার্ড পূর্ব মঘাদিয়া (আংশিক) | |
| | | গোবনীয়া (আংশিক) | |
| | | ৪নং ওয়ার্ড গোবনীয়া | |
| | | পূর্ব মঘাদিয়া | |
| | | ৫নং ওয়ার্ড পূর্ব মঘাদিয়া (আংশিক) | |
| | | গোবনীয়া (আংশিক) | |
| | | রাঘবপুর (আংশিক) | |
| | | ৬নং ওয়ার্ড মধ্যম মঘাদিয়া (আংশিক) | |
| | | রাঘবপুর (আংশিক) | |
| | | গোবনীয়া (আংশিক) | |
| | | ৭নং ওয়ার্ড মধ্যম মঘাদিয়া (আংশিক) | |
| | | গাবনীয়া (আংশিক) | |
| | | রাঘবপুর (আংশিক) | |
| | | ৮নং ওয়ার্ড মাছিমপুর (আংশিক) | |
| | | মধ্যম মঘাদিয়া (আংশিক) | |
| | | রাঘবপুর (আংশিক) | |
| | | কিসমত জাফরাবাদ (আংশিক) | |
| | | ৯নং ওয়ার্ড মধ্যম মঘাদিয়া (আংশিক) | |
| (২) | ৯নং মিরসরাই | গোবনীয়া | ৭৪ |
| | | মাছিমপুর | ৫৬ |
| | | মিঠাছড়া | ৫৪ |
| | | কিসমত জাফরাবাদ | ৬১ |
| | | মটবাড়িয়া | ৫৩ |
| | | পূর্ব মঘাদিয়া | ৫২ |
| | | পূর্ব মিঠানালা | ৫১ |
| | | রাঘবপুর | ৫৫ |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে,এল নং |
|---|---|---|---|
| (৩) | ১০নং মিঠানালা | ঘৃনাল | ৬০ |
| | | মধ্য মুরাদপুর | ৬৯ |
| | | মিঠানালা রাজাপুর | ৬১ |
| | | পশ্চিম মালিয়াইশ | ৫৮ |
| | | রহমতাবাদ | ৬৩ |
| | | সৈয়দপুর | ৫৯ |
| | | উত্তর মুরাদপুর | ৬৮ |
| (৪) | ১১নং মঘাদিয়া | কচুয়া | ৫৭ |
| | | মধ্যম মঘাদিয়া | ৭১ |
| (৫) | ১২নং খৈয়াছড়া | দুয়ারু | ৭৭ |
| | | মধ্যম মঘাদিয়া (সম্পূর্ণ) | ৭১ |
| | | পশ্চিম খৈয়াছড়া | ৭২ |
| | | পোলমগরা | ৭৬ |
| | | পূর্ব খৈয়াছড়া | ৭৪ |
| | | হামশ পূর্ব মাঘাদিয়া (সম্পূর্ণ) | ৭৩ |
| | | পূর্ব মায়ানী | ৭৮ |
| (৬) | ১৩নং মায়ানী | পশ্চিম মায়ানী | ৭৯ |
| | | পূর্ব মায়ানী | ৭৮ |
| (৭) | ১৪নং হাইতকান্দি | বালিয়াদি | ৯২ |
| | | দঃ মুরাদপুর | ৮৪ |
| | | হাইতকান্দি | ৮৩ |
| | | জগদীশপুর | ৯০ |
| | | করুয়া | ৮৫ |
| | | পূর্ব মায়ানী (সম্পূর্ণ) | ৭৪ |
| (৮) | ১৫নং ওয়াহেদপুর | বড় কমলদহ | ৯৪ |
| | | ছোট কমলদহ | ৪৬ |
| | | গাছবাড়িয়া | ৪৪ |
| | | খাজুরিয়া | ৯০ |
| | | মাইজগাঁও | ৮৭ |
| | | সাতবাড়িয়া | ৯৩ |
| | | ওয়াহেদপুর | ৪৯ |
| (৯) | ১৬নং সাহেরখালী | দক্ষিণ মঘাদিয়া | ৮০ |
| | | ডোমখালী | ৮২ |
| | | সাহেরখালী | ৪১ |

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.৯৬.০১.০০৬.১২-৩৮৭—**১৮৯৮ খ্রিঃ ফৌজদারী কার্যবিধির (৫নং আইন) এর ৪ উপ-ধারা ১(এস) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চট্টগ্রাম জেলার মিরসরাই থানাকে বিভক্ত করে নিম্নোক্ত তফসিলের ২নং কলামে বর্ণিত ইউনিয়নসমূহের ৩নং কলামের মৌজাসমূহ নিয়ে জোরারগঞ্জ থানা গঠন করলো ঃ

**তফসিল**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে,এল নং |
|---|---|---|---|
| (১) | বারইয়ারহাট পৌরসভা | ১নং ওয়ার্ড ইমামপুর (আংশিক) | |
| | | সোনাপাহাড় (আংশিক) | |
| | | ২নং সোনাপাহাড় (আংশিক) | |
| | | জামালপুর (আংশিক) | |
| | | ৩নং ওয়ার্ড পূর্ব হিংগুলি (আংশিক) | |
| | | আজমনগর (আংশিক) | |
| | | ৪নং ওয়ার্ড আজমনগর (আংশিক) | |
| | | পূর্ব হিংগুলি (আংশিক) | |
| | | ৫নং ওয়ার্ড পশ্চিম হিংগুলি (আংশিক) | |
| | | ৬নং ওয়ার্ড জামালপুর (আংশিক) | |
| | | ৭নং জামালপুর (আংশিক) | |
| | | ৮নং জামালপুর (আংশিক) | |
| | | ৯নং ধুম (আংশিক) | |
| | | জামালপুর (আংশিক) | |
| | | পশ্চিম হিংগুলি (আংশিক) | |
| (২) | ১নং করেরহাট | বলিরচর | ৯৯ |
| | | বরৈয়া | ৫ |
| | | ডালুকিয়া | ৪ |
| | | চত্তরুয়া | ৯ |
| | | দক্ষিণ অলিনগর | ১০ |
| | | গেড়ামারা | ৮ |
| | | জয়পুর পূর্ব জোয়ার | ১ |
| | | কাটা পশ্চিম জোয়ার | ৯৯ |
| | | কাটাগাং | ৩ |
| | | পশ্চিম জোয়ার | ২ |
| | | পূর্ব অলিনগর | ৭ |
| | | রামগড় সীতাকুন্ড রিজার্ভ ফরেস্ট | ৯৫ |
| | | পশ্চিম অলিনগর | ৬ |
| (৩) | ২নং হিংগুলী | আজমনগর | ২১ |
| | | জামালপুর | ২০ |
| | | পশ্চিম হিংগুলী | ২২ |
| | | পূর্ব হিংগুলী | ১১ |
| | | সোনা পাহাড় (আংশিক) | ১৩ |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে,এল নং |
|---|---|---|---|
| (৪) | ৩নং জোরারগঞ্জ | ভগবতীপুর | ২৬ |
| | | দেওয়ানপুর | ১৭ |
| | | গোপিনাথপুর | ১৫ |
| | | গোবিন্দপুর | ২৭ |
| | | ইমামপুর | ১৯ |
| | | খিলমুরারী | ১২ |
| | | নন্দনপুর | ১৬ |
| | | পরাগলপুর | ১৮ |
| | | পূর্ব তাজপুর | ২৫ |
| | | সোনা পাহাড় | ১৩ |
| (৫) | ৪নং ধুম | চর কালিদাস | ৯৬ |
| | | ধুম | ২৩ |
| | | মোবারক ঘোনা | ৩৪ |
| | | নাহেরপুর | ২৪ |
| (৬) | ৫নং ওসমানপুর | আজমপুর | ৩৬ |
| | | বাশখালী | ৩৯ |
| | | বৃন্দাবনপুর | ৩৩ |
| | | মরগাং | ৩২ |
| | | ওসমানপুর | ৩০ |
| | | রৌকন্দিপুর | ৩১ |
| | | সাহেবপুর | ২৮ |
| | | পাতা কোট | ২৯ |
| (৭) | ৬নং ইছাখালী | পশ্চিম ইছাখালী | ৬৬ |
| | | পূর্ব ইছাখালী | ৬৭ |
| | | উত্তর ইছাখালী | ৪৭ |
| (৮) | ৭নং কাটাছড়া | রামনসুন্দর | ৬২ |
| | | বাড়িয়াখালী | ৬৫ |
| | | ইদিলপুর | ৪২ |
| | | কাটাছড়া | ৪৪ |
| | | পশ্চিম মিঠানালা | ৬৪ |
| | | তেমোহনী মুরাদপুর | ৪৩ |
| (৯) | ৮নং দুর্গাপুর | দুর্গাপুর | ৫২ |
| | | গোপালপুর | ৪৭ |
| | | হাজিতরাই | ১৪ |
| | | হরিহরপুর | ৪৮ |
| | | জনার্দ্দনপুর | ৪৫ |
| | | রঘুনাথপুর | ৫০ |
| | | রায়পুর | ৪৯ |
| | | শিকার জনার্দ্দনপুর | ৪৬ |

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আশফাকুল নুমান**
সিনিয়র সহকারী সচিব।

**আইন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ মার্চ ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১২-৬১৪**—জনৈক মোঃ আঃ বারী সানা, পিতা মৃত ছফেত আলী সানা, সাং নাজিরের ঘেরী, থানা দেবহাটা, জেলা সাতক্ষীরা আসামী (১) মোঃ ইউসুফ খান, পিতা আঃ ছাত্তার খান, সাং সিধলা, থানা হাজিগঞ্জ, জেলা চাঁদপুর এ/পি সাং ১৯২/সি (৩য় তলা) থানা কুড়িল ভাটারা, ডিএমপি, ঢাকা (২) মোঃ শরিফুল ইসলাম, (৩) মোঃ আতিকুর রহমান, উভয় পিতা মোঃ খলিলুর রহমান, সাং মাতউনকোর্ট, থানা লাকসাম, জেলা কুমিল্লা। ২ নং আসামী এ/পি সাং-৯/১ জি, পশ্চিম কাফরুল, ৩ নং আসামী এ/পি সাং স্বর্গ, ২৪২/খ (৫ম তলা), পশ্চিম আগারগাঁও, উভয় থানা শেরে বাংলা নগর, ডিএমপি, ঢাকা গণদের বিরুদ্ধে এজাহার দাখিল করেন। এজাহারে বর্ণিত বিষয় ধর্মীয় অবমাননা করে মিথ্যা ও প্রতারণামূলকভাবে বিশ্বাস ভঙ্গপূর্বক অর্থ আত্মসাৎ ও ভয়ভীতি প্রদর্শনের অপরাধ যাহা দণ্ডবিধির ২৯৫-ক/৪০৬/৪২০/৫০৬/১১৪/৩৪ ধারার আওতাভুক্ত। উল্লিখিত আসামীদের বিরুদ্ধে দণ্ডবিধির ২৯৫-ক ধারায় তদন্ত ও নিষ্পত্তিকল্পে মামলাটি রুজু করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাতক্ষীরা সদর থানা, সাতক্ষীরা'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪২০/৬ জুন ২০১৩

**নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-৭৯৭**—পঞ্চগড় পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নাদেরুজ্জামান ১৬-০৩-২০১৩ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৩(১)(চ) উপ-ধারামতে গেজেটে প্রকাশের মাধ্যমে সরকার উল্লিখিত তারিখ হইতে পঞ্চগড় পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ-সচিব।

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ জুন ২০১৩

**নং ৪৬.০৬৪.০২৮.১৩.০৩.২৯৪.২০১১/৯০৮**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ও ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং এ বিভাগের ২৭-১১-২০১২ তারিখের ১৯০৩নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে হাটহাজারী পৌরসভার কার্য সম্পাদনে

প্রশাসককে সহায়তাদানের জন্য নিম্নোক্ত ব্যক্তিগণকে ইতোপূর্বে গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত করা হ'ল ঃ

**সদস্যবৃন্দ**

(১) জনাব মোঃ দিদারুল আলম বাবুল, পিতা মৃত হাজী জালাল মিয়া সওদাগার, মাতা মরহুমা আনোয়ারা বেগম, সাং ফটিকা, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।

(২) জনাব শামসুল আলম চৌধুরী, পিতা মৃত ইসহাক চৌধুরী, মাতা সুলতানা বেগম, সাং আলীপুর, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।

(৩) জনাব মোঃ আজম উদ্দিন, পিতা হাজী আবদুল জলিল, মাতা রিজিয়া বেগম, সাং চন্দ্রপুর, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।

(৪) জনাব শাহেদুল হক খোকন, পিতা নুরুল আবছার, মাতা পাখিজা বেগম, সাং দেওয়ান নগর, শায়েস্তা খাঁ পাড়া, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।

(৫) জনাব শাহজাদা স, ম এনাম, পিতা আলহাজ্ব ছৈয়দ মুহাম্মদ আমিনুল হক, মাতা মোছাম্মৎ হোসনে আরা, সাং দেওয়ান নগর, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।

(৬) জনাব মোঃ তোফাজ্জল হোসেন, পিতা তোফায়েল আহমেদ, মাতা রোকেয়া বেগম, সাং আশরাফ জমাদার বাড়ী, মোহাম্মদপুর, হাটহাজারী, চট্টগ্রাম।

(৭) জনাব মোঃ সালাউদ্দীন, পিতা মোঃ জাকারিয়া, মাতা জয়নাব খাতুন, সাং মীরেরখিল, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ হাটহাজারী পৌরসভার সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। এ বিভাগের ২৭-১১-২০১২ তারিখের ১৯০৩নং প্রজ্ঞাপনের শুধুমাত্র ১ থেকে ১২নং ক্রমিকের ব্যক্তিগণ সম্মানীভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ-সচিব।

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ জুলাই ২০১৩

**নং ৫৬.০০.০০০০.০১৮.৩৮.০০১.২০১২-২১২**—সরকার এতদ্বারা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর' সৃষ্টি করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. নজরুল ইসলাম খান**
সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
**অধিশাখা-১০**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২২ আগস্ট ২০১৩

**নং মঃসেল/১এম-৪১/৯১/২৭৭/১৩(১৩)**—The Bangladesh Abandoned Property (Taking over Possession) Rules, 1972 এর Sec-6(1)(2) এবং Sec-6(1)(3A) ধারা মোতাবেক সরকার নিম্নলিখিত বাড়িটিকে পরিত্যক্ত সম্পত্তি হিসেবে ঘোষণা করলেন ঃ

| ক্রমিক নং | হোল্ডিং নম্বর/ বাড়ি নম্বর |
|---|---|
| (১) | ১নং চক সার্কুলার রোড, লালবাগ, ঢাকা। |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল উদ্দিন তালুকদার**
যুগ্ম-সচিব।